

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৭.২০-২৮৫

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-১৮৫/২০২০ মামলা পরিচালনার আইনী প্রক্রিয়া গ্রহন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন খিদিরপুর ডিগ্রি কলেজের প্রভাষক জনাব মোঃ গোলাম আযম পদোন্নতি ও টাইমস্কেল না পাওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৯৭২৪/২০১৯ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৯৭২৪/২০১৯ মামলায় গত ১১/০৯/২০১৯ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন;

“The respondent No.1 Senior Secretary, Ministry of Education Secretariat Building, Ramna, Dhaka is directed of dispose of the Memo No. 05.43.7600.023.43.038.19-654 dated 29.07.2019, annexure-G to the writ petition forwarded to him by the Deputy Commissioner, Pabna within a period of 45 (forty five) days from the date of the receipt of this order in accordance with law.”

২। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকাসহ মোট ০৫ (পাঁচ) জন-কে বিবাদী করা হয়েছে। বিগত ০৯/০৪/২০২০ তারিখ অথবা তার পূর্বে জবাব দাখিল করার জন্য রুলনিশি জারি করা হয়েছে। এ ব্যাপারে কোন কার্যক্রম গ্রহণ করা হয়েছে কি না তা জানা প্রয়োজন।

(ক) কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ (রিট পিটিশন নং- ৯৭২৪/২০১৯ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা;

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা; এবং

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

৩। এমতাবস্থায় উক্ত কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ এর মামলার বিষয়ে উপরোক্ত কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-১০-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৭.২০-২৮৫/১(৪)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭  
১৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১০-২০২০

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব